# আড়াইহাজার পৌরসভা, নারায়ণগঞ্জ।

নগর সমন্বয় কমিটির (TLCC) সভার (বিশেষ) কার্যবিবরণী

সভার তারিখঃ ১০/০২/২০২৫
সভার সময়ঃ বেলা ৩.০০ ঘটিকা
সভার স্থানঃ আড়াইহাজার পৌরসভা কার্যালয়, নারায়ণগঞ্জ।
সভার সভাপতিঃ মোঃ সাজ্জাত হোসেন, প্রশাসক, আড়াইহাজার পৌরসভা।

**সভার উপস্থিতি ঃ পরিশিষ্ট "ক"**

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। শুরুতে পবিত্র কোরআন তেলওয়াত করেন অত্র পৌরসভার নিন্মমাণ সহকারী/ কম্পিউটার অপারেটর। আড়াইহাজার পৌরসভার উন্নয়ন পরিকল্পনা হালনাগাদ করে প্রস্তুত করায় সভাপতি মহোদয় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান।

সভার আলোচ্য সূচি অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়।

| ক্রঃ নং | আলোচ্য সূচী | আলোচনা | সিদ্ধান্ত | |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভার কার্য বিবরণী অনুমোদন প্রসঙ্গে। | সভায় সভাপতি মহোদয়ের নির্দেশ মোতাবেক পৌর নির্বাহী কর্মকর্তা, আড়াইহাজার পৌরসভা বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। | বিস্তারিত আলোচনার পর সার্বিক মতামতের ভিত্তিতে বিগত সভার সিদ্ধান্ত সমূহ সর্ব সম্মতি ক্রমে গৃহীত হয়। | |
| ২ | পৌরসভার উন্নয়ন পরিকল্পনা (PDP) প্রনয়ণ ও বাস্তবায়ন প্রসঙ্গে | এ প্রসংগে আলোচনাকালে সহকারী প্রকৌশলী আড়াইহাজার পৌরসভা সভাকে অবহিত করেন যে, PDP অনুযায়ী ৪টি প্যাকেজের কাজ চলমান রয়েছে। ৫ম প্যাকেজ টি প্রকল্প পরিচালকের অনুমোদনের জন্য প্রেরণ করা প্রয়োজন। | বিস্তারিত আলোচনার পর সার্বিক মতামতের ভিত্তিতে PDP অনুযায়ী প্রকল্প সমূহ বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | |

<table>
<tr>
<td>৩</td>
<td>পৌরকর ধার্য্য ও আদায়ের বিষয়ে পদক্ষেপ গ্রহণ প্রসঙ্গে</td>
<td>সভায় পৌরকর আদায়ের অগ্রগতি বিষয়ে আলোচনা করা হয়। পৌর নির্বাহী কর্মকর্তা বলেন যে, পৌরকর আদায়ের হার বৃদ্ধি করা না হলে বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করা সম্ভব হবেনা। পৌরসভার উন্নয়নের স্বার্থে পৌরকর আদায় করা প্রয়োজন। পৌরসভার রাজস্ব আয়ের অন্যতম আয় হচ্ছে পৌরকর। পৌরকর আদায় করা না হলে কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতাদী, সড়ক বাতি বিদ্যুৎ বিল জ্বালানী তেলের বিলসহ অন্যান্য ব্যয় পরিশোধ করা সম্ভব হচ্ছে না। তাই পৌরকর আদায়ের বিষয়ে জোরালো পদক্ষেপ গ্রহণ করতে হবে। তিনি ২০২৪-২৫ অর্থবছরের ফেব্রুয়ারী/২০২৫ ইং মাসের ওয়ার্ড ভিত্তিক পৌরকর দাবি ও আদায় বিবরণী সভায় উপস্থাপন করেন। যাহা নিম্নরূপ
<table>
<tr><th>ওয়ার্ড</th><th>বকেয়া দাবি</th><th>চলতি দাবি</th><th>মোট দাবি</th><th>বকেয়া আদায়</th><th>চলতি আদায়</th><th>মোট আদায়</th></tr>
<tr><td>১</td><td></td><td></td><td></td><td>৩২৫</td><td>১৮৮</td><td></td></tr>
<tr><td>২</td><td></td><td></td><td></td><td>২৩৬</td><td>১৯৭</td><td></td></tr>
<tr><td>৩</td><td></td><td></td><td></td><td>৪৩৮</td><td>১১১</td><td></td></tr>
<tr><td>৪</td><td></td><td></td><td></td><td>৯৩০</td><td>১১১</td><td></td></tr>
<tr><td>৫</td><td></td><td></td><td></td><td>৯৬০১</td><td>৯৫</td><td></td></tr>
<tr><td>৬</td><td></td><td></td><td></td><td>২৪২৯</td><td>১৯২</td><td></td></tr>
<tr><td>৭</td><td></td><td></td><td></td><td>৯৬১</td><td>৮৫</td><td></td></tr>
<tr><td>৮</td><td></td><td></td><td></td><td>১৯৬</td><td>২৪৯</td><td></td></tr>
</table>
</td>
<td>সভায় বিস্তারিত আলোচনার পর আগামী এক সপ্তাহের মধ্যে ৫০ জনকে চূড়ান্ত নোটিশ প্রদান এবং পৌরকর আদায়ের জন্য গঠিত কমিটি সমূহকে আরো জোরালো ভাবে প্রত্যেকটি গৃহে গমন পৌরকর আদায়ের ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়</td>
<td>সহকারীকর আদায়কারী</td>
</tr>
<tr>
<td>৪</td>
<td>সিটিজেন চার্টার অনুমোদন প্রসঙ্গে।</td>
<td>সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অত্র পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, স্থানীয় সরকার (পৌর আইন) ২০০৯ এর (৫৩) দ্বারা অনুযায়ী পৌরসভার নির্ধারিত পদ্ধতি অনুসরন করে বিভিন্ন প্রকার নাগরিক সেবা প্রদানের বিবরণ, সেবা প্রদানের শর্ত সমূহ, নিদিষ্ট সময়সীমার মধ্যে সেবা প্রদান এবং সেবার ফি (মূল্য) নির্ধারন ও সেবা বিষয়ে নিশ্চিত করার বিবরণ প্রকাশ করিবে। যাহা নাগরিক সনদ/সিটিজেন চার্টার হিসেবে অবহিত হবে। তিনি ইতিপূর্বে গঠিত সিটিজেন চার্টার সভায় উপস্থাপন করেন। উপস্থিত সদস্যবৃন্দ উক্ত সিটিজেন চার্টার সর্বসম্মতিক্রমে অনুমোদন করেন। এরই প্রেক্ষিতে নিম্নরূপভাবে সিটিজেন চার্টার প্রস্তুত করা হলো।</td>
<td>এবিষয়ে সভায় দীর্ঘ আলোচনা পর্যালোচনা করা হয়। বিস্তারিত আলোচনার পর বৃহত্তর জনস্বার্থে প্রস্তুতকৃত সিটিজেন চার্টার অনুমোদন করা হয় এবং পৌর কার্যালয়ের দৃশ্যমান স্থানে সিটিজেন চার্টার স্থাপনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>পৌর নির্বাহী কর্মকর্তা</td>
</tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ৫ | বর্জ্য সংগ্রহ, অপসারন এবং ব্যবস্থাপনা বিষয়ক আলোচনা প্রসঙ্গে। | সভায় বর্জ্য সংগ্রহ, অপসারণ বিষয়ে আলোচনা হয়। আলোচনায় অংশগ্রহণ করে পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে অবহিত করেন যে , আড়াইহাজার পৌরসভায় এইড বাংলাদেশ নামক এনজিওর মাধ্যমে বর্জ্য সংগ্রহ ও অপসারনের জন্য চুক্তিবদ্ধ আছে। চুক্তির মেয়াদ জুন ২০২৫ পর্যন্ত কার্যকর আছে। এমতাবস্তায় বর্জ্য সংগ্রহ ও অপসারনের পরবর্তী পদক্ষেপ গ্রহনের জন্য সভায় সকলের মতামত কামনা করা হয়। | সভায় বিস্তারিত আলোচনার পর সকলের মতামতের ভিত্তিতে দরপত্র প্রক্রিয়ার মাধ্যমে বর্জ্য সংগ্রহ ও অপসারনের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | পৌর নির্বাহী কর্মকর্তা |
| ৬ | যানজট নিরসন সংক্রান্ত আলোচনা। | সভায় যানজট নিরশনের বিষয়ে আলোচনা করা হয়। আলোচনায় অংশগ্রহণ করে পৌর নির্বাহী কর্মকর্তা আড়াইহাজার পৌরসভা সভাকে অবহিত করেন যে, পবিত্র মাহে রমাদান আসন্ন। আড়াইহাজার পৌরসভার আড়াইহাজার বাজারে নিয়মিত যানজট লেগেই থাকে। পবিত্র রমজান মাসে যানজট নিরসনের জন্য আনসার নিয়োগের বিষয়ে তিনি সভায় সকলের মতামত কামনা করেন। আলোচনায় অংশগ্রহণ করে সভাপতি মহোদয় সভাকে বলেন যে, থানা পশ্চিম পার্শ্বের বাইপাস রোডের কাজ চলমান থাকায় সকল প্রকার যানবাহন আড়াইহাজার বাজারের ভিতর দিয়ে চলাচল করে। এতে করে বাজারে নিয়মিত যানজট লেগেই থাকে। থানা পশ্চিম পার্শ্বের বাইপাস রোড দ্রুত সময়ের মধ্য সম্পূর্ণ করণ করে চালু করা হলে বাজারের যানজট সহজেই নিরসন হবে। এছাড়াও বাজারের যানজট নিরসনের বিষয়ে উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তার নিকট আনসার প্রদানের জন্য পত্র প্রেরণের বিষয়ে সকলের মতমতা কামনা করেন। উপস্থিত সকলে উক্ত মতের সহিত একমত পেষন করেন। | বিস্তারিত আলোচনার পর সার্বিক মতামতের ভিত্তিতে যানজট নিরসনের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান পূর্বক যানজট নিরসনের সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | পৌর নির্বাহী কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭ | মাষ্টার প্ল্যান বিষয়ক আলোচনা প্রসংগে। | সভায় মাস্টার প্ল্যান নিয়ে আলোচনা করা হয়। আলোচনায় অংশগ্রহণ করে সহকারী প্রকৌশলী, আড়াইহাজার পৌরসভা সভাকে অবহিত করেন যে, আড়াইহাজার পৌরসভায় মাস্টার প্ল্যান না থাকায় পৌরসভার কার্যক্রম ব্যহত হচ্ছে। IUGIP প্রকল্প ২০২৩ সাল হতে ২০২৮ সাল পর্যন্ত চলমান থাকবে। IUGIP অফিস হতে মাস্টার প্ল্যান বাস্তবায়নের জন্য কারিগরি টিম প্রদান করিবে। এ বিষয়ে তিনি সভাপতি মহোদয়ের মতামত কামনা করেন। আলোচনায় অংশগ্রহণ করে সভাপতি মহোদয় মাস্টার প্ল্যান বাস্তবায়নের জন্য প্রয়োনীয় পদক্ষেপ গ্রহণে বিষয়ে সিদ্ধান্ত প্রদান করেন। | বিস্তারিত আলোচনার পর সার্বিক মতামতের ভিত্তিতে মাস্টার প্ল্যান বাস্তবায়নের জন্য প্রকৌশল বিভাগ আড়াইহাজার পৌরসভাকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | সহকারী প্রকৌশলী |
| ৮ | তথ্য ও অভিযোগ প্রতিকার সেল (GRC) বিষয়ক আলোচনা প্রসংগে। | সভায় তথ্য ও অভিযোগ প্রতিকার সেল (GRC)বিষয়ে আলোচনা করা হয়। আলোচনায় অংশগ্রহণ করে পৌর নির্বাহী কর্মকর্তা আড়াইহাজার পৌরসভা কে অবহিত করেন যে, আড়াইহাজার পৌরসভার অভিযোগ প্রতিকার নিষ্পত্তি সেল (GRC) তে পৌর বাসীর বিভিন্ন অভিযোগ দাখিল করিয়াছেন। দাখিলকৃত অভিযোগ সভায় উপস্থাপন পূর্বক করণীয় নির্ধারণে তিনি সভাপতি মহোদয়ের মতামত কামনা করেন। আলোচনায় অংশগ্রহণ করে সভাপতি মহোদয় আড়াইহাজার পৌরসভার তথ্য ও অভিযোগ প্রতিকার সেল (GRC) তে প্রাপ্ত অভিযোগগুলো দ্রুত সময়ের মধ্য সমাধানের জন্য নির্দেশনা প্রদান করেন। | বিস্তারিত আলোচনার পর সার্বিক মতামতের ভিত্তিতে অভিযোগ প্রতিকার নিষ্পত্তি সেল (GRC)তে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি করণের বিষয়ে সকলে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | পৌর নির্বাহী/সহ কারী প্রকৌশলী |

| | | | | |
|---|---|---|---|---|
| ৯ | সড়ক বাতি কার্যকর রাখার ব্যবস্থাপনা সম্পর্কিত আলোচনা প্রসঙ্গে | সভায় সড়ক বাতি কার্যকর রাখার বিষয়ে আলোচনা করা হয়। আলোচনায় অংশগ্রহণ করে সহকারী প্রকৌশলী, আড়াইহাজার পৌরসভা সভাকে অবহিত করেন যে, আড়াইহাজার পৌরসভার বেশ কিছু সড়ক বাতি অকার্যকর হয়ে পড়ায় পৌরসভার বিভিন্ন স্থানে রাতের বেলায় অপরাধ মুলক কার্যক্রম বৃদ্ধি পেয়েছে। অপরাধ মূলক কার্যক্রম হ্রাস করণের জন্য সড়ক বাতিগুলো কার্যকর করার প্রয়োজন। সড়ক বাতি কার্যকর করণের বিষয়ে সিদ্ধান্ত প্রদানের জন্য সভায় সকলে মতামত কামনা করেন। আলোচনায় অংশগ্রহণ করে সভাপতি মহোদয় দ্রুত সময়রে মধ্য সড়ক বাতি কার্যকর করা বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | বিস্তারিত আলোচনার পর সার্বিক মতামতের ভিত্তিতে সড়ক বাতির কার্যকর করণের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ পূর্বক বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | সহকারী প্রকৌশলী |
| ১০ | নাগরিক সনদ প্রনয়ণ ও বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা প্রসঙ্গে। | সভায় নাগরিক সনদ প্রনয়ণ ও বাস্তবায়নের বিষয়ে আলোচনা করা হয়। আলোচনায় অংশগ্রহণ করে পৌর নির্বাহী কর্মকর্তা, আড়াইহাজার পৌরসভা সভাকে অবহিত করেন যে, আড়াইহাজার পৌরসভার সকল প্রকার নাগরিক সনদ অনলাইনের মাধ্যমে প্রদান করা হচ্ছে। এতে করে পৌরবাসী নাগরিক সনদসহ সকল প্রকার সেবা সহজেই পৌরসভা হতে গ্রহণ করতে পারছে। নাগরিক সনদসহ সকল সেবা অনলাইনে প্রদান করায় পৌরবাসী ভোগান্তি হতে পরিত্রাণ পেয়েছে। তিনি ভবিষ্যতে নাগরিক সেবা আরো সহজ করণের বিষয়ে সকলের মতামত কামনা করেন। | বিস্তারিত আলোচনার পর সার্বিক মতামতের ভিত্তিতে নাগরিক সনদ প্রনয়ণ সহ সকল প্রকার নাগরিক সেবা সহজি করণের পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান পূর্বক সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহিত হয়েছে। | পৌর নির্বাহী কর্মকর্তা |

<table>
<tr><td>১১</td><td>জন্ম মৃত্যু নিবন্ধন সংক্রান্ত আলোচনা প্রসঙ্গে</td><td>অদ্যকার সভায় জন্ম-মৃত্যু নিবন্ধন সংক্রান্ত বিষয়ে আলোচনা করা হয়। আলোচনায় অংশগ্রহণ করে পৌর নির্বাহী কর্মকর্তা ফেব্রুয়ারী/২০২৫ ইং মাসের জন্ম ও মৃত্যু নিবন্ধনের তথ্য সভায় উপস্থাপন করেন। যাহা নিম্নরূপ।
<table>
<tr><td colspan="4">জন্ম নিবন্ধনের তথ্য</td></tr>
<tr><td>নিবন্ধন সংখ্যা</td><td>পুরুষ</td><td>মহিলা</td><td>মোট</td></tr>
<tr><td>০-৪৫ দিন</td><td>১</td><td>০</td><td>১</td></tr>
<tr><td>৪৬-৩৬৫</td><td>০</td><td>০</td><td>০</td></tr>
<tr><td>১ বছরের পরে</td><td>৩৬</td><td>৩৫</td><td>৭১</td></tr>
<tr><td colspan="4">মৃত্যু নিবন্ধন তথ্য</td></tr>
<tr><td>নিবন্ধন সংখ্যা</td><td>পুরুষ</td><td>মহিলা</td><td>মোট</td></tr>
<tr><td>০-৪৫ দিন</td><td>০</td><td>০</td><td>০</td></tr>
<tr><td>৪৬-৩৬৫</td><td>০</td><td>০</td><td>০</td></tr>
<tr><td>১ বছরের পরে</td><td>৪</td><td>৪</td><td>৮</td></tr>
</table></td><td>সভায় বিস্তারিত আলোচনার পর পৌরসভার সকলকে জন্ম ও মৃত্যুর তথ্য নিবন্ধন করণের কাজে প্রয়োজনীয় সহযোগীতা করণ ওয়াটসআপ গ্রুপে প্রেরিত নিবন্ধন না হওয়া শিশুদের অভিভাবকদের সাথে যোগাযোগ করে শিশু জন্ম নিবন্ধনের ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>প্রধানসহকারী</td></tr>
<tr><td>১২</td><td>স্থায়ী কমিটির কার্যবলী অনুমোদন প্রসঙ্গে।</td><td>সভায় স্থায়ী কমিটির কার্যাবলী অনুমোদনের বিষয়ে আলোচনা করা হয়। আলোচনায় অংশগ্রহণ করে পৌর নির্বাহী কর্মকর্তা আড়াইহাজার পৌরসভা কে অবহিত করেন যে, আড়াইহাজার পৌরসভার মেয়র ও কাউন্সিলর গণ সরকার কর্তৃক অপসারিত হওয়ায় স্থায়ী কমিটির কার্যক্রম স্থবির হয়ে পড়েছে। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, পৌর-১ শাখার স্মারক নং ৪৬.০০.০০০০.০০০.০৬৩.২৭.০০২.২৪-১০৮৪ তারিখ ২৬ সেপ্টেম্বর ২০২৪ খ্রি: মূলে পৌরসভার প্রশাসকের কর্ম সম্পাদনে সহায়তার জন্য স্থায়ী কমিটির পূণ:গঠিত হয়। সভায় স্থায়ী কমিটির সকল কার্যক্রম অনুমোদনের বিষয়ে সভাপতি মহোদয়ের মতামত কামনা করা হয়। আলোচনায় অংশগ্রহণ করে সভাপতি মহোদয় পৌরসভার স্থায়ী কমিটির নিয়মিত সভা আহব্বান পূর্বক স্থায়ী কমিটির সকল কার্যক্রম অনুমোদনের বিষয়ে একমত পেষন করেন।</td><td>বিস্তারিত আলোচনার পর সার্বিক মতামতের ভিত্তিতে সরকারী নির্দেশনার আলোকে পুনগঠিত স্থায়ী কমিটির সকল কার্যক্রম অনুমোদনের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>পৌর নির্বাহী কর্মকর্তা</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | ১৪৩২ বাংলা সনের হাট বাজার ও স্ট্যান্ড ইজারা প্রদান সংক্রান্ত | সভায় ১৪৩২ বাংলা সনের হাট বাজার ইজারা ও ১৪৩১ বাংলা সনের হাট বাজার ইজারার বকেয়া আদায় সম্পর্কে আলোচনা হয়। আলোচনায় অংশগ্রহন করে পৌর নির্বাহী কর্মকর্তা , আড়াইহাজার পৌরসভা সভাকে অবহিত করেন যে, ১৪৩২ বাংলা সন আসন্ন । আড়াইহাজর পৌরসভার বিগত বছর গুলোতে রাজনৈতিক হস্তক্ষেপ ও সিন্ডিকেটের কারনে কাঙ্খিত লক্ষমাত্রায় ইজারা প্রদান সম্ভব হয়নি এতে করে পৌরসভা সরকারী রাজস্ব আদায়ে ব্যাথ হয়েছে। তিনি আড়াইহাজার পৌরসভার আড়াইহাজার বাজারসহ সকল ইজারা বৃদ্ধির বিষয়ে সভায় উপস্থাপিত হলে কোনরুপ আপত্তি ব্যতিত সভায় সর্ব সম্মতিক্রমে অনুমোদন হয় (যাহা নথিতে সংযুক্ত)। সভায় সভাপতি মহোদয় আলোচনা অংশগ্রহন করে আড়াইহাজার পৌরসভার ০১। আড়াইহাজার বাজার ০২। কামরানীরচর বাজার, ০৩। ঝাউগড়া বাজার, ০৪। প্রভাকরদী মদনপুর( গোল চত্বর), সিএনজি স্ট্যান্ড ,০৫। গোল চত্বর টু মাধবদী মাইক্রো স্ট্যান্ড,০৬। গোল চত্বর টু ভুলতা সিএনজি স্ট্যান্ড ০৭। থানার মোড় টু জাঙ্গালিয়া, উচিৎপুর, খাগকান্দা গুদারাঘাট সিএনজি স্ট্যান্ড,০৮। পৌরসভা সংলগ্ন মাধবদী সিএনজি স্ট্যান্ড,০৯। পৌরসভা সংলগ্ন রামচন্দ্রদী ও গোপালদী, | বিস্তারিত আলোচনার পর ১৪৩২ বাংলা সনের হাট বাজার ও স্ট্যান্ড ও পাবলিক টয়লেট ইজারা বিজ্ঞপ্তি প্রকাশের অনুমোদন সহ ১৪৩১ বাংলা সনের হাট বাজার ইজারার বকেয়া টাকার আদায়ের বিষয়ে সর্বসম্মত সিদ্বান্ত গৃহীত হয়। | পৌর নির্বাহী কর্মকর্তা |

<table>
<tr>
<td>১৪</td>
<td>ট্রেড লাইসেন্স করণের অগ্রগতি বিষয়ক আলোচনা প্রসঙ্গে।</td>
<td>সভায় ট্রেড লাইসেন্স ফি আদায়ের অগ্রগতি বিষয়ে আলোচনা করা হয়। সভাপতির অনুমতিক্রমে অত্র পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা সভায় অবহিত করেন যে, পৌরসভার রাজস্ব আয়ের অন্যতম হচ্ছে ট্রেড লাইসেন্স ফি। এখনো বিপুল পরিমাণ ব্যবসা প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স বকেয়া রয়েছে। এছাড়াও চলতি ২০২৪-২৫ অর্থ বছরের ট্রেড লাইসেন্স প্রদান কার্যক্রম চলেছ। তিনি ২০২৪-২৫ অর্থ বছরের ফেব্রুয়ারী/২০২৫ মাসের ট্রেড লাইসেন্স বিবরণী সভায় উপস্থাপন করেন যাহা নিম্নরূপ।
<table>
<tr><td>ক্র:নং</td><td>বিবরণ</td><td>আদায়ের পরিমাণ</td></tr>
<tr><td>১</td><td>৭৬ টি ব্যবসায়ের ট্রেড লাইসেন্স ফি বাবদ (সাইনবোর্ড করসহ)</td><td>২৬২৬৬৬/-</td></tr>
</table>
লাইসেন্স পরিদর্শক জানান যে, ইতিমধ্য ট্রেড লাইসেন্স করণের জন্য প্রত্যেকটি ব্যবসা প্রতিষ্ঠানে নোটিশ প্রদান করা হয়েছে। বর্তমানে প্রতিটি ব্যবসা প্রতিষ্ঠানে গমনকরে ট্রেড লাইসেন্স প্রদান কার্যক্রম চলমান আছে। আলোচনায় অংশগ্রহণ করে সভাপিত বলেন যে, দ্রুতমত সময়ের মধ্য অবশিষ্ট ব্যবসা প্রতিষ্ঠানে গমনকরে ট্রেড লাইসেন্স ফি আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। যাহারা ট্রেড লাইসেন্স গ্রহণ করেনা তাদের মধ্য থেকে সংক্ষিপ্ত তালিকা করে লাল নোটিশ প্রদান করতে হবে। পরবর্তীতে নোটিশ পাওয়ার পর যেসকল ব্যবসায়ীগণ ট্রেড লাইসেন্স নবায়ন/গ্রহণ করবেননা তাদেরকে মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে ট্রেড লাইসেন্স ফি আদায়ের এবং মোবাইল কোর্ট পরিচালনার বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার (ভূমি) আড়াইহাজার, নারায়ণগঞ্জ</td>
<td>সভায় বিস্তারিত আলোচনার পর প্রত্যেকটি ব্যবসা প্রতিষ্ঠানে গমণ করে ফি আদায়ের ব্যবস্থা গ্রহণ, সকল ব্যবসায়িকগন ট্রেড লাইসেন্স নবায়ন/গ্রহণ করবেননা তাদের সংক্ষিপ্ত তালিকা করে লাল নোটিশ প্রদান এবং পরবর্তীতে মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে ট্রেড লাইসেন্স ফি আদায়ের জন্য উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার (ভূমি) বরাবর পত্র প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>লাইসেন্স পরিদর্শক</td>
</tr>
</table>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

**(মোঃ সাজ্জাত হোসেন)**
প্রশাসক ও সভাপতি,
শহর সমন্বয় কমিটি (TLCC)
আড়াইহাজার পৌরসভা, নারায়ণগঞ্জ।
তারিখঃ ১০.০২.২০২৫খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও কায্যার্থে ঃ-

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নগর ব্যবস্থাপনা ও পরিচালক আরবান ম্যানেজমেন্ট সাপোর্ট ইউনিট, এলজিইডি সদর দপ্তর, লেভেল-৭, আরডিইসি ভবন, আগারগাঁও, ঢাকা।
৩. প্রকল্প পরিচালক, UGIIP-III, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা- ১২০৭।
৪. জনাব/জনাবা.........................................................................................................সদস্য,টিএলসিসি, আড়াইহাজার পৌরসভা, নারায়ণগঞ্জ।
৫. জনাব ...................................................................................................................... আড়াইহাজার পৌরসভা, নারায়ণগঞ্জ ।
৬. অফিস কপি।

**(মোঃ সাজ্জাত হোসেন)**
প্রশাসক
আড়াইহাজার পৌরসভা, নারায়ণগঞ্জ।